| ছেলে হোক, মেয়ে হোক দুটি সন্তানই যথেষ্ট |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.৫০.০২৩.২২-১৪৩২

তারিখ: ০২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫/০৪/ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সাম্প্রতিক মধ্যপ্রাচ্যে যুদ্ধাবস্থার ফলে দেশে সম্ভাব্য স্বাস্থ্য ঝুকির আগাম প্রস্তুতি সংক্রান্ত সভার কার্যবিবরণী পৃষ্ঠাঙ্কন পূর্বক প্রেরণ।

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-৪ মনিটরিং ও সমন্বয় শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০১.২৫-৭৬, তারিখ: ০৬.০৪.২০২৬খ্রি: ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সাম্প্রতিক মধ্যপ্রাচ্যে যুদ্ধাবস্থার ফলে দেশে সম্ভাব্য স্বাস্থ্য ঝুকির আগাম প্রস্তুতি সংক্রান্ত বিষয়টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **পৃষ্ঠাঙ্কনপূর্বক** এতদসংগে প্রেরণ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

সংযুক্তি: বর্ণনামতে ০২(দুই) পাতা।

১৫/৪/২০২৬
(মীর সাজেদুর রহমান)
পরিচালক (প্রশাসন)[অতিরিক্ত দায়িত্ব]
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোন : ৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৬.২৫-১৪৩২/১(৮০)

তারিখ: ০২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫/০৪/ ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

| | | |
|---|---|---|
| ১। | পরিচালক (সকল)........................................ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর। | উল্লিখিত পত্রের বিবরণী অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ২। | পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),..........................................................বিভাগ। | |
| ৩। | পরিচালক, এমএফএসটিসি, আওরঙ্গজেব রোড, মোহাম্মদপুর, ঢাকা। | |
| ৪। | পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা । | |
| ৫। | পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর, ঢাকা। | |
| ৬। | অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পন্যাগার, মহাখালী, ঢাকা। | |
| ৭। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়................. । | |
| ৮। | অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এফডব্লিউ.ভিটিআই), আজিমপুর, ঢাকা। | |
| ৯। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) (সকল).......... । | |

১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১১। অফিস কপি।

১৫/০৪/২৬
(এরশাদ আহমেদ নোমানী)
উপপরিচালক (পার্সোনেল)
প্রশাসন ইউনিট
ফোন: ৫৫০১২৩৪৩
ইমেইল: ddper@dgfp.gov.bd

Forwarding &Charpotro.Bibidho.Dex

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

**বিষয়: সাম্প্রতিক মধ্যপ্রাচ্যে যুদ্ধাবস্থার ফলে দেশে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকির আগাম প্রস্তুতি সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।**

সভাপতি : মোঃ কামরুজ্জামান চৌধুরী
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সভাকক্ষ
তারিখ ও সময় : ২৪.০৩.২০২৬ দুপুর: ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি সাম্প্রতিক মধ্যপ্রাচ্যে যুদ্ধাবস্থার ফলে দেশে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকির বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আগাম প্রস্তুতির বিষয়ে মতামত দেওয়ার জন্য আহবান জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সভায় উপস্থাপিত বিষয়:

১. মধ্যপ্রাচ্যে যুদ্ধাবস্থার ফলে দেশে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকির বিশ্লেষণ।
২. হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও কর্মপরিকল্পনা নির্ধারণ।
৩. হাসপাতালসমূহে বিদ্যমান জেনারেটর, ব্যাকআপ বিদ্যুৎ ব্যবস্থা ও জ্বালানি মজুদের বর্তমান অবস্থা পর্যালোচনা।
৪. জরুরি চিকিৎসা সেবা (আইসিইউ, অপারেশন থিয়েটার, ল্যাবরেটরি, কোল্ড চেইন) নিরবচ্ছিন্ন রাখার জন্য অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ ব্যবস্থাপনা।
৫. সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে সৌরবিদ্যুৎ বা অন্যান্য বিকল্প জ্বালানি ব্যবস্থার সম্ভাবনা পর্যালোচনা।
৬. বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় নিশ্চিত করতে প্রশাসনিক ও ব্যবস্থাপনা পর্যায়ে দায়িত্ব বণ্টন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা।
৭. বিষয় সংশ্লিষ্ট অন্যান্য আলোচনা।

৩। আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে বিদ্যুতের ব্যবহার কমিয়ে আনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি দেশের সকল স্বাস্থ্যসেবা অফিসসমূহে বিদ্যুতের ব্যবহার কমিয়ে আনতে পত্র প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। | ক) দেশের সকল স্বাস্থ্যসেবা অফিসসমূহে বিদ্যুতের ব্যবহার কমিয়ে আনতে হবে।<br>খ) দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি মনিটরিং করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ বিভাগ ও সকল অধিদপ্তর / দপ্তর |
| ৩.২ | সভায় হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও কর্মপরিকল্পনা নির্ধারণের বিষয়টি আলোচনা করা হয়। সভাপতি স্বাস্থ্য অধিদপ্তর ও হাসপাতাল অনুবিভাগকে যৌথভাবে ঝুকি মোকাবেলায় কর্মপরিকল্পনা আগামী ৭ দিনের মধ্যে প্রণয়ন করতে নির্দেশনা প্রদান করেন। | স্বাস্থ্য অধিদপ্তর ও হাসপাতাল অনুবিভাগকে যৌথভাবে ঝুঁকি মোকাবেলায় কর্মপরিকল্পনা আগামী ৭ দিনের মধ্যে প্রণয়ন করতে হবে। | হাসপাতাল অনুবিভাগ/ প্রশাসন অনুবিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর |
| ৩.৩ | সভায় হাসপাতালসমূহে বিদ্যমান জেনারেটর, ব্যাকআপ বিদ্যুৎ ব্যবস্থা ও জ্বালানি মজুদের বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি জেনারেটর চালানো জন্য জ্বালানি চাহিদার নির্ণয়পূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরন করতে বলেন। তিনি দেশের সকল হাসপাতালকে কমপক্ষে একমাসের জ্বালানী রিজার্ভ রাখার জন্য অনুরোধ | ক) জেনারেটর চালানোর জন্য জ্বালানি চাহিদা নির্ণয়পূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>খ) ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেটে হাসপাতালের জ্বালানি তেলের চাহিদার প্রেক্ষিতে বাজেট পুন:উপযোজন করতে হবে। | বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর/বাজেট অনুবিভাগ |



উপপরিচালক (পার্সোনেল)
পঃ পঃ অধিদপ্তর, ঢাকা।

| | | | |
|---|---|---|---|
| | জানান। এছাড়া তিনি হাসপাতালগুলোতে কমলোড শেডিংযুক্ত ফেজ (দ্বিতীয় ফেজ) সংযুক্ত করার নিমিত্ত পত্র প্রেরণের জন্য হাসপাতাল অনুবিভাগকে নির্দেশনা দেন। | গ) দেশের সকল হাসপাতালকে কমপক্ষে একমাসের জ্বালানী রিজার্ভ রাখতে অনুরোধ জানান।<br>ঘ) হাসপাতালগুলোতে কমলোড শেডিংযুক্ত ফেজ (দ্বিতীয় ফেজ) সংযুক্ত করার নিমিত্ত বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করতে হবে | |
| ৩.৪ | জরুরি চিকিৎসা সেবার জন্য বিদ্যুৎ আবশ্যকীয়। আইসিইউ, অপারেশন থিয়েটার, ল্যাবরেটরি, কোল্ড চেইন ব্যবস্থাপনার জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ রাখার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে তিনি হাসপাতালসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া, দেশের হাসপাতালগুলোর অ্যাম্বুলেন্স সচল রাখার জন্য তেলের পাম্পের সাথে অব্যাহত যোগযোগ রাখতে বলেন। | ক) আইসিইউ, অপারেশন থিয়েটার, ল্যাবরেটরি, কোল্ড চেইন ব্যবস্থাপনার জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ রাখার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) হাসপাতালসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবাহের জন্য বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>গ) দেশের হাসপাতালগুলোর অ্যাম্বুলেন্স সচল রাখার জন্য তেলের পাম্পের সাথে অব্যাহত যোগযোগ রাখতে হবে। | হাসপাতাল অনুবিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর |
| ৩.৫ | সভাপতি সরকারি হাসপাতালে সৌর বিদ্যুৎ স্থাপনের সম্ভাব্যতা যাচাই করতে বলেন। প্রধান প্রকৌশলী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কমিউনিটি ক্লিনিকে সোলার প্যানেল স্থাপনের বিষয়ে একটি পাইলট প্রজেক্ট নিয়ে জাপানের আন্তর্জাতিক সাহায্য সংস্থা জাইকার সাথে আলোচনা চলছে মর্মে প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান। | ক) হাসপাতালের ছাদে সৌর প্যানেল ও ছোট আকারে উইন্ড টারবাইন স্থাপনের সম্ভাব্যতা যাচাই করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ/ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ গণপূর্ত ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ৩.৬ | সভায় বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় নিশ্চিত করতে প্রশাসনিক ও ব্যবস্থাপনা পর্যায়ে দায়িত্ব বন্টন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি কেবিনেটের ১২ দফা নির্দেশনা অনুরসরণ করতে বলেন। তিনি সরকারি অফিসসমূহে সরকারি কর্মকর্তাদের গাড়ির যৌক্তিক ব্যবহারের মাধ্যমে জ্বালানী ব্যবহার সীমিত করতে অনুরোধ জানান। | ক) বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় নিশ্চিত করতে প্রশাসনিক ও ব্যবস্থাপনা পর্যায়ে দায়িত্ব বন্টন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।<br>খ) জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ে কেবিনেট কর্তৃক প্রেরিত ১২ দফা নির্দেশনা অনুরসরণ করতে হবে।<br>গ) অফিসসমূহে সরকারি কর্মকর্তাদের গাড়ির যৌক্তিক ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার সীমিত করতে হবে।<br>ঘ) কেবিনেট কর্তৃক প্রেরিত ১২ দফা নির্দেশনা অনুরসরণ করতে হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে পত্র দিতে হবে। | সকল অনুবিভাগ ও অধিদপ্তর/দপ্তর/ সংস্থা<br><br>হাসপাতাল অনুবিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ৩.৭ | হাসপাতালে নিরবচ্ছিন্ন ঔষধ ও ভ্যাকসিন সরবরাহের বিষয়টি সভায় আলোচনা হয়। সভাপতি উপজেলা/জেলা হাসপাতালে ঔষধ ও ভ্যাকসিন রিজার্ভেশনে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখতে বলেন। তিনি উপস্থিত সদস্যগণ অধিদপ্তর/দপ্তর/বিভাগীয় স্বাস্থ্য প্রতিষ্ঠান প্রধানদেরকে সভাগুলো অনলাইনে করার জন্য পরামর্শ দেন। | ক) হাসপাতালে ঔষধ ও ভ্যাকসিন সরবরাহের কমতি না পড়ে সেজন্য ঔষধ কারখানাগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>খ) অধিদপ্তর/দপ্তর/বিভাগীয় স্বাস্থ্য প্রতিষ্ঠান প্রধানদের সাথে সভাগুলো অনলাইনে করতে হবে। | হাসপাতাল অনুবিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ৩.৮ | বিষয় সংশ্লিষ্ট অন্যান্য আলোচনা: সভাপতি মধ্যপ্রাচ্যে চলমান অস্থিরতার কারণে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি মোকাবেলায় ঔষধ প্রস্তুতের Active Pharmaceutical Ingredient এর বিকল্প দেশ খোঁজার জন্য পরামর্শ দেন। এছাড়াও তিনি ঔষধের পর্যাপ্ত কাঁচামাল মজুদ করার নির্দেশনা প্রদান করেন। | ক) Active Pharmaceutical Ingredient এর বিকল্প দেশের অনুসন্ধান করতে হবে।<br>খ) ঔষধের পর্যাপ্ত কাঁচামাল মজুদ করতে হবে। | ঔষধ প্রশাসন অধিদপ্তর |

৪. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪.০৪.২০২৬
(মোঃ কামরুজ্জামান চৌধুরী)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.০০.০০০০.১৪৩.৯৯.০০১.২৫-৭৬

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ / ০৬ এপ্রিল ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১ অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা।

৩ যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪ মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা;

৫ প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

৬ পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা।

৭ ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

৮ ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।

৯ চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৬। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(তানিয়া মুন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৯৫৭৭৯৮৯